গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬

স্মারক নং ওএম/৩-প্রাই(প্রশা)/২০১২/ ৯৭৫ (১৪

তারিখ: ৮ কার্তিক ১৪২০ / 22 অক্টোবর ২০১৩

বিষয়: **আন্তঃপিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৩-এর বাস্তবায়ন নির্দেশিকা।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আন্তঃপিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৩-এর বাস্তবায়ন নির্দেশিকা প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বাস্তবায়ন নির্দেশিকা।

(মোঃ সুলতান মিয়া)
সহকারী পরিচালক (প্রশা১)

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
২। সুপারিনটেনডেন্ট .... .... .... .... .... ... (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা , খুলনা বিভাগ, খুলনা ।
ddkhuln@gmail.com
Fax : 041-721210

স্মারক নং - বিপ্রাশিকা/খুবিখু/সাপ্র-খঃ/৪২-২০/(বিবিধ)/১৩/ ৯৯৭/৯

তারিখঃ ১৪ কার্তিক ১৪২০ বঙ্গাব্দ । / ২৯ অক্টোবর, ২০১৩ খ্রিঃ ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো ।

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর , বাংলাদেশ, ঢাকা ।
দৃঃ আঃ জনাব মোঃ সুলতান মিয়া, সহকারী পরিচালক (প্রশা-১)
২। সুপারিনটেনডেন্ট, পিটিআই, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/কুষ্টিয়া/ঝিনাইদহ/চুয়াডাঙ্গা/মাগুরা। এতদসহিত বাস্তবায়ন নির্দেশিকা প্রেরন করা হলো। উক্ত বাস্তবায়ন নির্দেশিকার আলোকে পিটিআই পর্যায়ে আন্তঃ পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৩ সুষ্ঠুভাবে সম্পন্ন করে বিষয় ভিত্তিক শ্রেষ্ঠ প্রতিযোগিদের নামের তালিকা আগামী ১৫.১১.২০১৩ ইং তারিখের মধ্যে এক প্রস্থ অত্র দপ্তরে প্রেরনের জন্য অনুরোধ করা হলো ।
৩। সংরক্ষন নথি ।

(শেখ মোঃ রায়হান উদ্দিন)
বিভাগীয় উপ-পরিচালক
প্রাথমিক শিক্ষা,
খুলনা বিভাগ, খুলনা।
ফোন-০৪১-৮১৩৭২৮

# আন্তঃপিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা, ২০১৩

## বাস্তবায়ন নির্দেশিকা

**ভূমিকা:**

প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রায় দু'কোটি কোমলমতি শিক্ষার্থীকে মৌলিক শিক্ষাদানের মহান ব্রতে নিয়োজিত আছেন প্রায় ২ লক্ষ ৫০ হাজার শিক্ষক-শিক্ষিকা। বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম সুষ্ঠুভিত্তিক করার লক্ষ্যে শিক্ষকদেরকে নিয়োগ লাভের পর এক বছর মেয়াদী সি-ইন-এড প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হয়। অবশ্য বিগত দু'বছর যাবত বেশ কিছু পিটিআই'তে ডিপ্লোমা ইন এডুকেশন কার্যক্রম চালু করা হয়েছে। দেড় বছর মেয়াদী ডিপ্লোমা ইন এডুকেশন কর্মসূচি বর্তমানে পরীক্ষামূলকভাবে বাস্তবায়িত হচ্ছে এবং পর্যায়ক্রমে সি-ইন-এড কার্যক্রমকে প্রতিস্থাপিত করবে বলে নির্ধারিত হয়েছে। এভাবে পিটিআইতে প্রত্যেক প্রশিক্ষণার্থী শিক্ষক-শিক্ষিকাকে একজন দক্ষ ও আদর্শ শিক্ষকরূপে গড়ে তোলা হয়। সেক্ষেত্রে পাঠদান বিষয়ে প্রশিক্ষণের পাশাপাশি মননশীল সাংস্কৃতিক চর্চাও অত্যাবশ্যক, যা বিদ্যালয়ে শিশুদের নান্দনিক বিকাশে সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে। এ লক্ষ্য অর্জনে পিটিআইসমূহে প্রশিক্ষণার্থী শিক্ষকদের আন্তঃপিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০১৩ এর আয়োজন করা হয়েছে। এ আয়োজন গুণগত প্রাথমিক শিক্ষা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

**লক্ষ্য:**

সাংস্কৃতিক প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষক-শিক্ষিকাদের সংস্কৃতিমনা করে তোলা, বিদ্যালয় পর্যায়ে সংস্কৃতি চর্চার প্রসার ঘটিয়ে শিশুদের সুপ্ত প্রতিভা বিকাশের মাধ্যমে আত্মনির্ভরশীল হতে সাহায্য করা, এবং বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার সফল বাস্তবায়ন ও গুণগত মানোন্নয়ন।

**উদ্দেশ্যঃ**

ক. শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে ও বিদ্যালয় পর্যায়ে সংস্কৃতি চর্চার প্রসার ঘটানো;

খ. প্রাথমিক বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের সুপ্ত প্রতিভা বিকাশে পৃষ্ঠপোষকতা প্রদান করা;

গ. লেখাপড়ার পাশাপাশি সহশিক্ষাক্রমিক কার্যাবলীর সফল বাস্তবায়ন;

ঙ. শিক্ষক-শিক্ষিকাদের সৃজনশীল সাংস্কৃতিক কৃতিত্বের স্বীকৃতি দানের লক্ষ্যে বিভিন্ন বিষয়ে পুরস্কৃত করা;

চ. সাংস্কৃতিক চর্চার মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীগণকে নিজ নিজ জীবন গড়তে এবং সমাজ সেবামূলক কাজে উদ্বুদ্ধ করতে উৎসাহ দেয়া; ইত্যাদি।

চ. শিশু, শিক্ষক, ব্যক্তি, প্রতিষ্ঠান এবং কর্মকর্তাদের মধ্যে নব উদ্দীপনা সৃষ্টির মাধ্যমে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের পথ সুগম করা;

**প্রতিযোগিতার বিষয়:**

নিম্নবর্ণিত ১০ (দশ)টি বিষয়ের উপর বিভিন্ন পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ঃ

(১) আবৃত্তি (২) নৃত্য (সাধারণ) (৩) উপস্থিত বক্তৃতা (৪) দেশাত্মবোধক গান (৫) পল্লীগীতি/লোকগীতি/আঞ্চলিক গান (৬) রবীন্দ্র সংগীত (৭) নজরুল গীতি (৮) আধুনিক গান (৯) একক অভিনয় (১০) চিত্রাংকন।

**প্রতিযোগিতার সময়কাল:**

- পিটিআই পর্যায়ে ২০১৩ সালের নভেম্বর ৯ থেকে ১৩ এর মধ্যে ।
- বিভাগীয় পর্যায়ে ২০১৩ সালের নভেম্বর ১৭ থেকে ২১ এর মধ্যে ।
- জাতীয় পর্যায়ে ২০১৩ সালের ডিসেম্বর প্রথম সপ্তাহের এর মধ্যে ।

**সাংস্কৃতিক প্রতিযোগিতার ক্ষেত্রসমূহ:**

ক. আবৃত্তি : সংশ্লিষ্ট পর্যায়ের কমিটি কর্তৃক নির্বাচিত যে কোন একটি কবিতা ।

খ. নৃত্য (সাধারণ) : অংশগ্রহণকারী কর্তৃক পছন্দকৃত যে কোন রবীন্দ্রসংগীত, নজরুলগীতি বা দেশাত্মবোধক গানের সাথে নাচ ।

গ. উপস্থিত বক্তৃতা : সংশ্লিষ্ট বিচারক প্যানেল কর্তৃক পূর্বাহ্নেই নির্ধারিত বিষয়গুলো থেকে লটারীর মাধ্যমে নির্বাচিত যে কোন একটি বিষয়ে, সময়ঃ ৫ মিনিট ।

ঘ. দেশাত্মবোধক গান : অংশগ্রহণকারী কর্তৃক নির্বাচিত পছন্দসই গান ।

ঙ. পল্লীগীতি/লোকগীতি/আঞ্চলিক গান : অংশগ্রহণকারী কর্তৃক নির্বাচিত পছন্দসই গান ।

চ. রবীন্দ্র সংগীত : অংশগ্রহণকারী কর্তৃক নির্বাচিত পছন্দসই গান ।

ছ. নজরুল গীতি : অংশগ্রহণকারী কর্তৃক নির্বাচিত পছন্দসই গান ।

জ. আধুনিক গান : অংশগ্রহণকারী কর্তৃক নির্বাচিত পছন্দসই গান ।

ঝ. একক অভিনয় : অংশগ্রহণকারী কর্তৃক পছন্দকৃত সমাজ ও জাতি গঠনমূলক বিষয়ের উপর ভিত্তি করে রচিত, সময়ঃ ৫ মিনিট ।

ঞ. চিত্রাংকন : বিচারক প্যানেল কর্তৃক দেয় বিষয়বস্তু ও নির্ধারিত সময় অনুযায়ী একটি ছবি, মাধ্যম-জল রং ।

**অংশগ্রহণকারী:**

পুরুষ এবং মহিলা নির্বিশেষে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অধীনস্থ সকল পিটিআই-তে প্রশিক্ষণরত যে কোন প্রশিক্ষণার্থী শিক্ষক-শিক্ষিকা ।

**পুরস্কার ও সনদ প্রদান:**

ক. পিটিআই পর্যায় থেকে জাতীয় পর্যায় পর্যন্ত অনুষ্ঠিতব্য সাংস্কৃতিক প্রতিযোগিতার প্রতিটি বিষয়ে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে পুরস্কার (পদক/ক্রেস্ট) ও সনদ প্রদান করা হবে ।

খ. পুরস্কার হিসাবে প্রদেয় পদক বা ক্রেস্ট এতদসংগে সংযুক্ত (পরিশিষ্ট- 'ক') নির্ধারিত মান ও ডিজাইনের হতে হবে।

গ. পিটিআই ভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ী প্রশিক্ষণার্থীদের সনদ সংশ্লিষ্ট পিটিআই সুপার কর্তৃক স্বাক্ষরিত হবে। একইভাবে বিভাগীয় পর্যায়ের বিজয়ীদের বিভাগীয় উপ-পরিচালকের স্বাক্ষরিত সনদ দেয়া হবে।

ঘ. আর জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় বিজয়ীদের সনদ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, কর্তৃক স্বাক্ষরিত হবে।

**<u>প্রতিযোগিতা পরিচালনা:</u>**

ক. বিভিন্ন প্রতিযোগিতা পরিচালনার জন্য সংশ্লিষ্ট পর্যায়ের ব্যবস্থাপনা কমিটি স্থানীয়ভাবে প্রাপ্যতা মোতাবেক যথাসম্ভব নিরপেক্ষ দক্ষ ও যোগ্য ব্যক্তিবর্গের সমন্বয়ে তিন সদস্যের বিচারক প্যানেল নিয়োগ করবে;

খ. কমিটি সুষ্ঠুভাবে প্রতিযোগিতা পরিচালনার নিমিত্ত বিচারক প্যানেল এর জন্য পূর্বাহ্নেই যথাযথ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রণয়ন করবে;

গ. বিচারক প্যানেলে অন্তর্ভুক্ত যে কোন বিচারকের পরিবারের সদস্য বা কোন নিকটাত্মীয় প্রতিযোগিতায় অংশগ্রহণ করলে তিনি তা' অবহিত করে অব্যাহতি নিতে পারবেন, বা কমিটি কর্তৃক তাঁকে অব্যাহতি দেয়া যাবে এবং সেক্ষেত্রে অপর কোন যোগ্য ও নিরপেক্ষ ব্যক্তিকে প্যানেলে অন্তর্ভুক্ত করা হবে;

ঘ. বিচারক প্যানেল জাতীয়ভাবে অনুসৃত মানদন্ডের ভিত্তিতে নিরপেক্ষভাবে প্রতিযোগিতা পরিচালনা করবে এবং প্যানেলের সর্বসম্মত সিদ্ধান্তে বিজয়ী প্রতিযোগীর নাম ঘোষণা করবে;

ঙ. কোন ক্ষেত্রে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ সম্ভবপর না হলে সংখ্যাগরিষ্ঠ সিদ্ধান্তে ফলাফল ঘোষণা করা যাবে;

চ. প্রতিযোগিতার ফলাফল বিষয়ে বিচারক প্যানেলের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

ছ. পিটিআই পর্যায়ে প্রতিযোগিতা শেষে সুপার, পিটিআই, কর্তৃক প্রথম স্থান অধিকারী প্রতিযোগীদের বিস্তারিত তথ্যাদি নির্ধারিত ছকে (পরিশিষ্ট- 'খ') সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকের অফিসে প্রেরণ করা হবে।

জ. বিভাগীয় উপ-পরিচালকগণ বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকারীর বিস্তারিত তথ্য নির্ধারিত ছক মোতাবেক (পরিশিষ্ট- 'খ') জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বরাবর প্রেরণ করবেন।

জ. সকল পর্যায়ে এবং ক্ষেত্রে অংশগ্রহণকারী ও বিজয়ী প্রতিযোগীদের তথ্যাদি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

**<u>সীমাবদ্ধতাঃ</u>**

ক) একজন প্রতিযোগী সর্বোচ্চ যে কোন তিনটি বিষয়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

খ) প্রত্যেক বিষয়ে ন্যূনপক্ষে ৭ জন যোগ্য প্রতিযোগী না থাকলে সে বিষয়ে কোন প্রতিযোগিতা অনুষ্ঠান করা যাবে না। তবে কোন উপযুক্ত প্রতিযোগী থাকলে তাঁর নাম পরবর্তী পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রেরণ করা যেতে পারে।

**ব্যবস্থাপনা কমিটিসমূহঃ**

আন্তঃ-পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনার জন্য পিটিআই, বিভাগ এবং জাতীয় পর্যায়ে নিম্নরূপ আন্তঃ-পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা কমিটি সমূহ গঠিত হবে।

(১) জাতীয় পর্যায় ব্যবস্থাপনা কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সভাপতি |
| (খ) | যুগ্মসচিব (উন্নয়ন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| (গ) | পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| (ঘ) | বাংলাদেশ শিল্প কলা একাডেমীর প্রতিনিধি | সদস্য |
| (ঙ) | বাংলাদেশ শিশু একাডেমীর প্রতিনিধি | সদস্য |
| (চ) | উপ-পরিচালক (অর্থ-পিইডিপি৩), প্রাশিঅ | সদস্য |
| (ছ) | উপ-পরিচালক (সাধারণ), প্রাশিঅ | সদস্য |
| (জ) | উপ-পরিচালক (পাঠক্রম ও গবেষণা), প্রাশিঅ | সদস্য সচিব |

**কর্মপরিধিঃ** কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ

১. বিভাগীয় পর্যায়ে বিজয়ী শিক্ষক-শিক্ষিকাদের নিয়ে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতার আয়োজন;
২. এ নির্দেশিকার আলোকে প্রতিযোগিতা পরিচালনা নিশ্চিতকরণ;
৩. প্রতিযোগিতার স্থান, তারিখ ও সময় নির্ধারণ;
৪. বিচারক প্যানেল নিয়োগদান ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;
৫. প্রয়োজনীয় উপ-বিধি বা নিয়মাবলী প্রণয়ন ও অনুমোদন;
৬. বিভিন্ন পর্যায়ের প্রতিযোগিতা সংক্রান্ত বিস্তারিত বাজেট অনুমোদন;
৭. বিজয়ী প্রতিযোগীদের পুরস্কার ও সনদ প্রদান;
৮. নিম্ন পর্যায়ের প্রতিযোগিতা আয়োজন তদারকি করা ও যথাযথ দিক নির্দেশনা প্রদান।

কমিটি প্রয়োজনবোধে যে কোন উপযুক্ত ব্যক্তিকে কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

বিভাগীয় পর্যায় ব্যবস্থাপনা কমিটিঃ

| | | |
|---|---|---|
| (ক) | বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা | সভাপতি |
| (খ) | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (বিভাগীয় সদর) | সদস্য |
| (গ) | পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল) | সদস্য |
| (ঘ) | বাংলাদেশ শিল্পকলা একাডেমীর প্রতিনিধি | সদস্য |
| (ঙ) | বাংলাদেশ শিশু একাডেমীর প্রতিনিধি | সদস্য |
| (চ) | বিভাগীয় সদর-এর তথ্য কর্মকর্তা — | — সদস্য — |
| (ছ) | একজন সহকারি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (জ) | একজন সহকারি সুপার (সভাপতি কর্তৃক মনোনীত) | সদস্য |
| (ঝ) | সহকারি পরিচালক, প্রাথমিক শিক্ষা, বিভাগীয় কার্যালয় | সদস্য সচিব |

**কর্মপরিধিঃ** কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ

১. এ নির্দেশিকার আলোকে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন।

কমিটি প্রয়োজনবোধে যে কোন উপযুক্ত ব্যক্তিকে কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

পিটিআই পর্যায় ব্যবস্থাপনা কমিটি:

| | | |
|---|---|---|
| (ক) | পিটিআই সুপার | সভাপতি |
| (খ) | সহকারি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| (গ) | জেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| (ঘ) | বাংলাদেশ শিল্পকলা একাডেমীর প্রতিনিধি | সদস্য |
| (ঙ) | বাংলাদেশ শিশু একাডেমীর প্রতিনিধি | সদস্য |
| (চ) | উপজেলা শিক্ষা অফিসার (পিটিআই এলাকার) | সদস্য |
| (ছ) | ইউআরসি ইন্সট্রাক্টর (পিটিআই এলাকার) | সদস্য |
| (জ) | ইন্সট্রাক্টর (চারু ও কারুকলা) | সদস্য |
| (ঝ) | ইন্সট্রাক্টর (সংগীতে দায়িত্বপ্রাপ্ত) | সদস্য |
| (ঞ) | সহকারি সুপার | সদস্য সচিব |

**কর্মপরিধি:** কমিটির কার্যপরিধি নিম্নরূপ ঃ

১. এ নির্দেশিকার আলোকে পিটিআই পর্যায়ের প্রতিযোগিতা সুষ্ঠুভাবে আয়োজন ও পরিচালনা করা এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্য সম্পাদন।

কমিটি প্রয়োজনবোধে যে কোন উপযুক্ত ব্যক্তিকে কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করতে পারবে।

**উপ-কমিটিসমূহ ঃ**

বিভিন্ন পর্যায়ে আন্তঃ পিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট পর্যায়ের ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রয়োজনবোধে নিম্নরূপ উপ কমিটি গঠন করা যেতে পারে, যেমন:

ক) পুরস্কার ক্রয়, সংরক্ষণ ও বিতরণ উপ-কমিটি;
খ) বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা উপ-কমিটি;
গ) দাওয়াত কার্ড তৈরী ও বিতরণ উপ-কমিটি;
ঘ) মঞ্চ ও আসন বিন্যাস উপ কমিটি;
ঙ) আপ্যায়ন উপ-কমিটি;
চ) শৃংখলা উপ-কমিটি; ইত্যাদি।

**অভিযোগ বা আপীল:**

আন্তঃপিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতার কোন প্রতিযোগিতা ও এর ফলাফল সংক্রান্ত বিষয়ে বিচারক প্যানেলের সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে গণ্য হবে। এরূপ বিষয়ে কোন অভিযোগ বা আপীল করা যাবে না। তবে এ নির্দেশিকার বিধান লংঘন বা অন্যবিধ অব্যবস্থাপনা বিষয়ে অভিযোগ/অনুযোগ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দাখিল করা যাবে। এভাবে প্রাপ্ত অভিযোগ কর্তৃপক্ষ যথাযথ প্রক্রিয়ায় নিস্পত্তি করবেন।

# আন্তঃপিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা, ২০১৩

## বিজয়ী প্রতিযোগীদের তথ্য ছক

পরিশিষ্ট "খ"

*পিটিআই/ বিভাগের নামঃ*

| ক্রঃ নং | প্রতিযোগিতার বিষয় | স্থান | বিজয়ী প্রতিযোগীদের নাম | বিদ্যালয়ের নাম ও ঠিকানা | মোবাইল নাম্বার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | আবৃত্তি | ১ম | | | | |
| ২. | নৃত্য (সাধারণ) | ১ম | | | | |
| ৩. | উপস্থিত বক্তৃতা | ১ম | | | | |
| ৪. | দেশাত্মবোধক গান | ১ম | | | | |
| ৫. | পল্লীগীতি/ লোকগীতি/ আঞ্চলিক গান | ১ম | | | | |
| ৬. | রবীন্দ্র সংগীত | ১ম | | | | |
| ৭. | নজরুল গীতি | ১ম | | | | |
| ৮. | আধুনিক গান | ১ম | | | | |
| ৯. | একক অভিনয় | ১ম | | | | |
| ১০. | চিত্রাংকন | ১ম | | | | |

# আন্তপিটিআই সাংস্কৃতিক প্রতিযোগিতা, ২০১৩
## পদক বা ক্রেষ্ট এর নমুনা (পরিশিষ্ট-ক)




